

আমাদের ময়!

অক্টোবরে ৭ কলেজের ভর্তি পরীক্ষা

নিজস্ব প্রতিবেদক

১৩ জুলাই ২০২১ ০৯:১৪ | আপডেট: ১৩ জুলাই ২০২১ ১০:২৯



ঢাকা বিশ্ববিদ্যালয় অধিভুক্ত সরকারি সাত কলেজে ২০২০-২১ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি পরীক্ষা আগামী ১ অক্টোবর শুরু হবে। ১ অক্টোবর শুক্রবার বিজ্ঞান ইউনিটের, ২ অক্টোবর শনিবার বাণিজ্য ইউনিটের ও ৮ অক্টোবর শুক্রবার কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

অনলাইনে ভর্তির আবেদন শুরু হয়েছে। আগামী ২০ আগস্ট পর্যন্ত চলবে আবেদন।

গত ২৭ জুন ঢাবি উপাচার্য মো. আখতারুজ্জামানের সভাপতিত্বে নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে অনুষ্ঠিত অধিভুক্ত সরকারি সাত কলেজে ২০২০-২১ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তিবিষয়ক সভায় এ সিদ্ধান্ত হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের এক বিজ্ঞপ্তিতে এসব কথা বলা হয়েছে।

সভায় অন্যান্যের মধ্যে বিশ্ববিদ্যালয়ের সহ-উপাচার্য (শিক্ষা) ও অধিভুক্ত সরকারি সাত কলেজের প্রধান সমষ্টিকারী অধ্যাপক এ এস এম মাকসুদ কামাল, কলা অনুষদের ডিন, বিজ্ঞান অনুষদের ডিন, বিজনেস স্টাডিজ অনুষদের ডিন, সাত কলেজের অধ্যক্ষ ও অনলাইন ভর্তি কমিটির আহ্বায়ক মো. মোস্তাফিজুর রহমান উপস্থিত ছিলেন।

আবেদনের যোগ্যতা ও অন্যান্য

২০১৫ থেকে ২০১৮ সাল পর্যন্ত মাধ্যমিক বা সমমান এবং ২০২০ সালের উচ্চমাধ্যমিক বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের মধ্যে যারা নির্ধারিত শর্ত পূরণ করতে পারবেন, তারাই সাত কলেজে ভর্তির জন্য আবেদন করার যোগ্যতা অর্জন করবেন।



ন্যূনতম যোগ্যতা হিসেবে বিজ্ঞান ইউনিটের জন্য মাধ্যমিক বা সমমান এবং উচ্চমাধ্যমিক বা সমমান পরীক্ষায় (চতুর্থ বিষয়সহ) প্রাপ্ত জিপিএর যোগফল ন্যূনতম ৭, বাণিজ্য ইউনিটে দুই জিপিএর যোগফল ন্যূনতম ৬ দশমিক ৫ এবং কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিটে ন্যূনতম ৬ থাকতে হবে।

ভর্তি পরীক্ষার নম্বর ১২০

সাত কলেজে ২০২০-২১ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) প্রথম বর্ষের ভর্তির জন্য এবার মোট ১২০ নম্বরের ভর্তি পরীক্ষা হবে। এর ৪০ শতাংশ, অর্থাৎ ৪৮ নম্বর পেলে কোনো শিক্ষার্থী উত্তীর্ণ বলে বিবেচিত হবেন। সাত কলেজের এবারের ভর্তি পরীক্ষার আবেদন ফি ৪৫০ টাকা।

সাত কলেজের ভর্তি পরীক্ষাবিষয়ক সব তথ্য ও নির্দেশনা পাওয়া যাবে এই ওয়েবসাইটে: (<http://7college.du.ac.bd/admission>)।

ভারপ্রাপ্ত সম্পাদক : মোহাম্মদ গোলাম সারওয়ার

১১৮-১২১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

ফোন: ৫৫০৩০০০১-৬ ফ্যাক্স: ৫৫০৩০০১১ বিজ্ঞাপন: ৮৮৭৮২১৯, ০১৭৬৪১১৯১১৪

ই-মেইল : news@dainikamadershomoy.com, editor@dainikamadershomoy.com

নতুন ধারার দৈনিক
আমাদের ময়ৃ

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০- ২০২১

[Privacy Policy](#)

